



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবা/প্রশা/১৪৭/২০১৯/৬১১

তারিখ: ২৪/০৬/২০১৯ খ্রি।

বিষয়:- বোর্ড কর্তৃক নির্ধারিত ইআইআইএন/প্রতিষ্ঠান ভিত্তিক দাণ্ডরিক মোবাইল সিম সংগ্রহ প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিকফোনের সাথে ১৪ মার্চ ২০১৯ তারিখে স্বাক্ষরিত চুক্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সকল বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সংগে শিক্ষা মন্ত্রণালয় ও এর বিভিন্ন সংস্থার (যেমন: মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বিভিন্ন শিক্ষাবোর্ড, ব্যানবেইজ ইত্যাদি) সাথে জরুরী যোগাযোগ সহজীকরণ ও বিভিন্ন অনলাইন সেবা দ্রুত ও সাশ্রয়ী করার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের ইআইআইএন এর ৬ ডিজিট ব্যবহার করে বিনামূল্যে দাণ্ডরিক মোবাইল সিম সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সংযুক্ত শিডিউল অনুযায়ী মোবাইল সিম বিতরণ করা হবে। এ সম্পর্কিত করণীয় ও সিম ব্যবহারের উল্লেখযোগ্য কিছু সুবিধা/অসুবিধা নিম্নে উল্লেখ করা হলো:

- ০১। স্ব প্রতিষ্ঠানের প্রধান বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির নিকট সিম সরবরাহ করা হবে।
- ০২। মোবাইল নম্বরটির নমুনা: 01309XXXXXX (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN) যার সাহায্যে খুব সহজে ও সাশ্রয়ী রেটে সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করা যাবে।
- ০৩। বোর্ডের সকল ধরনের যোগাযোগ যেমন, প্রতিষ্ঠানের পাসওয়ার্ড বা যেকোনো ধরনের টেক্সট, অডিও বা ভিডিও মেসেজ, পরীক্ষার সময় জরুরি যোগাযোগ এ সিমের মাধ্যমে করা হবে বিধায় সবসময় সিমটি সচল রাখতে হবে।
- ০৪। প্রদত্ত সিমযুক্ত মোবাইল সেটটি কোনভাবেই হস্তান্তর করা যাবে না, বোর্ডের যেকোনো প্যানেলে কাজ করতে হলে এ সিমযুক্ত মোবাইলে (OTP-one time password) পাসওয়ার্ড প্রদান করা হবে, যা ব্যবহার করে প্রশ্ন ব্যাংকে দেয়া প্রশ্ন উত্তোলন, রেজিস্ট্রেশন করা, ফরম-ফিলাপ, ব্যবহারিক নম্বর প্রদান ইত্যাদি কাজ করতে হবে।
- ০৫। এ সিম ব্যবহার করে ১%-২% সার্ভিস চার্জ দিয়ে ছোট ছোট ফিসগুলো প্রদান করা যাবে।
- ০৬। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনুমোদিত অন্যান্য প্রাথমিক সিমগুলোও একই সাশ্রয়ী প্যাকেজে মাইগ্রেশন করতে পারবে।
- ০৭। শুরুতেই সিম গ্রহণ করার সময় ২০০/- (দুইশত টাকা) মাত্র টাকার বিভিন্ন সুবিধাসহ একটি বাস্তব অফার থাকবে যা সকলকেই সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ০৮। অতি শ্রীষ্টই বোর্ডের অনলাইন প্যানেলের সাথে এই সিম যুক্ত হবে বিধায় সিম পাওয়ার পরপরই তা সচল করতে হবে।
- ০৯। এছাড়াও বিভিন্ন সময় প্রদত্ত সিমের মাধ্যমে জরুরি মেসেজ দেয়া হবে বিধায় সবসময়ই মেসেজ চেক করতে হবে।

জেলাওয়ারী বিতরণের তারিখ:

| ক্রমিক | জেলার নাম | বিতরণের তারিখ |
|--------|----------------------------|------------------|
| ০১ | বরিশাল, ঝালকাঠী ও পিরোজপুর | ০৩/০৭/২০১৯ খ্রি. |
| ০২ | ভোলা, পটুয়াখালী ও বরগুনা | ০৪/০৭/২০১৯ খ্রি. |

প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে এ কাজে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য সিম বিতরণ কার্যক্রম সকাল ১০:০০ টায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর সভাকক্ষে অনুষ্ঠিত হবে।




প্রফেসর বিপ্লব কুমার ভট্টাচার্য (৬৯১৯)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন: ০৪৩১-৬৪৪১৭



✓ প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
(বিষয়টি সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষদের অবহিত করার অনুরোধসহ)।
- ০৩। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
(বিষয়টি সংশ্লিষ্ট বিদ্যালয় প্রধানদের অবহিত করার অনুরোধসহ)।
- ০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৬। সেকশন অফিসার, কাউন্সিল শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৭। সেকশন অফিসার, প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৮। সংরক্ষণ নথি।